



দুয়ারে সরকার

- পশ্চিমবঙ্গ সরকারের গুরুত্বপূর্ণ ১০ টি পরিষেবামূলক প্রকল্পের পরিষেবা সরাসরি জনগণের দুয়ারে পৌঁছে দেওয়ার জন্য গ্রাম-পঞ্চায়েত ভিত্তিক কর্মসূচী অনুষ্ঠিত হবে। মুখ্য সচিবের সার্কুলার নং 01/DS/P&S&PM/20 Date: 26/11/2020 এবং 02/DS/P&S&PM/20 Date: 26/11/2020 অনুসারে।
- দুয়ারে সরকার কর্মসূচী শুরু হবে ১-লা ডিসেম্বর, ২০২০ থেকে এবং সম্পন্ন হবে ৩১-শে জানুয়ারী, ২০২১।
 - প্রথম পর্যায়ঃ- ১-লা ডিসেম্বর থেকে ১১-ই ডিসেম্বর, ২০২০
 - দ্বিতীয় পর্যায়ঃ- ১৫-ই ডিসেম্বর থেকে ২৪-এ ডিসেম্বর, ২০২০
 - তৃতীয় পর্যায়ঃ- ২-রা জানুয়ারী থেকে ১২-ই জানুয়ারী, ২০২১
 - চতুর্থ পর্যায়ঃ- মপ-আপ কর্মসূচী ১৮-ই জানুয়ারী থেকে ২৮-শে জানুয়ারী, ২০২১
- নিম্নলিখিত ১০ (দশ) টি প্রকল্পের পরিষেবা সরাসরি উপভোক্তাগণের কাছে পৌঁছানো হবে।
 - খাদ্য সাথী-
 - I. তথ্য যাচাইকরণ ও বিভিন্ন রকম ফর্ম সম্বন্ধে সচেতনতাকরণ
 - স্বাস্থ্য সাথী-
 - I. নতুন আবেদনপত্র গ্রহণ
 - II. আবেদন পত্রের পরিস্থিতি যাচাইকরণ
 - III. তথ্য সংগ্রহ ও সচেতনতাকরণ
 - কাস্ট সার্টিফিকেট-
 - I. আবেদন পত্রের হার্ডকপি গ্রহণ
 - II. তথ্য সংগ্রহ ও পরিস্থিতি যাচাইকরণ
 - III. তৈরী হওয়া শংসাপত্র বিতরণ
 - শিক্ষাশ্রী-
 - I. তথ্য সংগ্রহ এবং পরিস্থিতি যাচাইকরণ

- জয় জহর-

- I. নতুন আবেদনপত্র
- II. তথ্য সংগ্রহ ও পরিস্থিতি যাচাইকরণ

- তপসিলি বন্ধু-

- I. নতুন আবেদনপত্র
- II. তথ্য সংগ্রহ ও পরিস্থিতি যাচাইকরণ

- কন্যাশ্রী-

- I. পরিস্থিতি যাচাইকরণ কর্মসূচী
- II. তথ্য সংগ্রহ

- রূপশ্রী-

- I. নতুন আবেদনপত্র
- II. যাচাইকরণ কর্মসূচী
- III. তথ্য সংগ্রহ

- ঐক্যশ্রী-

- I. যাচাইকরণ কর্মসূচী
- II. তথ্য সংগ্রহ ও সচেতনতা

- MGNREGS-

- I. নতুন জবকার্ডের জন্য আবেদনপত্র গ্রহণ
- II. কাজের জন্য ৪(ক) গ্রহণ
- III. তথ্য সংগ্রহ ও সচেতনতা

- কর্মসূচী পালন করার জন্য যে কোন স্কুল/কলেজ/কমিউনিটি হল অথবা সবধরনের Covid-19 নিয়মাবলী মেনে স্থান নির্বাচন করতে হবে।
- যথা সম্ভব ফাঁকা এবং বাতাস চলাচলের স্থান নির্বাচন করতে হবে এবং কর্মসূচী শুরুর আগে স্থানটি জীবাণুমুক্ত করতে হবে এবং কর্মসূচী শেষে আবার জীবাণুমুক্ত করতে হবে।
- কর্মসূচী সংক্রান্ত বিষয়ে ব্লক স্তরের টাস্ক-ফোর্স গঠন করতে হবে ও নিয়মিত মিটিং করতে হবে মাননীয় মুখ্যসচিবের আদেশানুসারে।
- স্থান নির্বাচন ও কর্মসূচী পরিচালনা বিষয়ে সমস্ত কিছু আলোচনা টাস্ক-ফোর্স সভায় করতে হবে।

➤ সমস্ত বিষয়টি স্থানীয় জনপ্রতিনিধিগণকে জানাতে হবে।

➤ কর্মসূচীর পরিকল্পনাঃ-

- দশটি কর্মসূচীর জন্য দশটি আলাদাআলাদা Counter করতে হবে।
- প্রতি Counter-এ Flex দিয়ে চিহ্নিত করণ করতে হবে।
- প্রশিক্ষিত সরকারি আধিকারিক/কর্মচারী Counter পরিচালনা করবেন।
- প্রতিটি আধিকারিককে N-95 মাস্ক/স্যানিটাইজার/ফেশ শিল্ড ব্যবহার করতে হবে।
- জনসচেতনতা ও জনঅভিযোগ গ্রহণের জন্য আলাদা Counter করতে হবে।
- ডকুমেন্টেশন করতে হবে।
- বিভিন্ন কর্মসূচী নিয়ে নির্দিষ্ট ফর্ম Counter-এ রাখতে হবে এবং প্রয়োজনে বিতরণ করতে হবে।
- কর্মসূচী শুরুর পূর্বে প্রচারকার্য করতে হবে-
 - মাইকের মাধ্যমে প্রচার
 - ঢোল বাদকের মাধ্যমে প্রচার
 - স্থানীয় লোকশিল্পীদের মাধ্যমে প্রচার
 - ফ্লেক্স/ব্যানার/লিফলেট এর মাধ্যমে প্রচার
 - সামাজিক মাধ্যমে প্রচার
- প্রতিটি ক্যাম্পে সরকারী আধিকারিক ও কর্মচারীগণকে সঠিক সময়ে পৌছাতে হবে।
- প্রতিটি প্রকল্পের বিষয়ে আধিকারিকদের প্রশিক্ষিত করতে হবে।
- অভিযোগ জানানোর জন্য সহজভাবে তৈরী অভিযোগপত্রের বয়ান ক্যাম্পে থাকতে হবে।
- প্রতি ক্যাম্পে Real Time Verification -এর জন্য ল্যাপটপ ও ইন্টারনেট কানেকশান থাকতে হবে।
- অভিযোগ গ্রহণের জন্য ড্রপবক্স ও খামের ব্যবস্থা রাখতে হবে।
- ক্যাম্পে মাস্ক এবং স্যানিটাইজার বিতরণ করতে হবে।
- BSK কর্মচারীদের ব্যবহার করতে হবে।
- জনপ্রতিনিধি/পুলিশের সঙ্গে আলোচনা করতে হবে।
- পঞ্চায়েতের সমস্ত কর্মচারীবৃন্দকে ক্যাম্পে হাজির থাকতে হবে।
- সমস্ত জেলাপরিষদ/পঞ্চায়েত সমিতি ও পঞ্চায়েত সদস্যগণকে কর্মসূচী সম্বন্ধে

ওয়াকিবহাল করতে হবে।

- ক্যাম্পে আগত ব্যক্তিদের মাস্ক ব্যবহার করতে হবে ও সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে।
- ক্যাম্পে সমস্ত ধরনের নাগরিক পরিষেবা রাখতে হবে ও প্রতিবন্ধীদের সহায়ক স্থান নির্বাচন করতে হবে।
- পরবর্তী পর্যায়ের আগাম কর্মসূচী সম্বন্ধে অবহিত করতে হবে।

-----###-----